গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd.

স্মারক নং- ৫৭.০০.০০০০.০২০.৯৯.০০১.১৭-৪৮৯,

তারিখঃ ২৬ বৈশাখ, ১৪২৬
০৯ মে, ২০১৯

বিষয়ঃ বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনকে সম্পৃক্তকরণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.২০৩; তারিখ: ২৫/০৪/২০১৯ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রটি (সংলগ্নীসহ) পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৫ (পাঁচ) পাতা।

০৯।০৫।২০১৯

(এ. কে. এম. লুৎফর রহমান)
সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)
☎: ৪১০৫০১৩০
sec1tmed@gmail.com

বিতরণ:

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫। পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

অনুলিপিঃ

যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.২০৩

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬ / ২৫ এপ্রিল ২০১৯

বিষয়: **বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনকে সম্পৃক্তকরণ।**

সূত্র: (১) বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের স্মারক নম্বর: ০৩.০৮.২৬৮০.২৭২.২৯.০২১.১৮.৫৭ তারিখ: ১১.০৪.২০১৯
(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.১৯৯ তারিখ: ২৫.০৪.২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ (১) স্মারকের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগের অন্যতম উদ্যোগটি হচ্ছে 'বিনিয়োগ বিকাশ'। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের নেতৃত্বে গঠিত উচ্চ পর্যায়ের একটি ফোরামের পূর্ণ সমর্থনে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করা, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে অন্যতম প্রধান সংগঠন হিসেবে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

০২। বিনিয়োগ প্রসারের এই কর্মযজ্ঞে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের কার্যকর ভূমিকা রাখার লক্ষ্যে তাঁদের চার্টার অব ডিউটিজ নির্ধারণ এবং বিভাগ/জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির কার্যপরিধি অনুযায়ী কমিটিকে সক্রিয়করণের বিষয়ে সূত্রস্থ (২) নম্বর স্মারকে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়েছে। কার্যপরিধি অনুযায়ী গঠিত কমিটি তিনমাসে একবার এবং প্রয়োজনে একাধিক সভায় মিলিত হবে। কমিটির ব্যয় নির্বাহের জন্য বাজেট বরাদ্দ আবশ্যক।

০৩। এমতাবস্থায়, (ক) কমিটিসমূহের ব্যয়ভার নির্বাহের লক্ষ্যে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে প্রতি সভার জন্য যথাক্রমে ১৫ (পনের), ১৩ (তের) ও ৯ (নয়) হাজার টাকা বাজেট বরাদ্দ এবং (খ) বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি করার লক্ষ্যে জেলা প্রশাসকের কার্যালয়ের ব্যবসা ও বাণিজ্য শাখাকে [Trade and Commerce (T&C)] ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা [Trade, Commerce and Investment (TC&I)] হিসেবে পরিবর্তনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে এক পৃষ্ঠা।

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):**

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়;
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ... ... ... (সকল);
০৪. বিভাগীয় কমিশনার, ... ... ... (সকল);
০৫. জেলা প্রশাসক, ... ... ... (সকল);
০৬. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৭. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ; ও
০৮. উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... (সকল)।

E:\Nicos Folder\PM Office\Letter P.M office.doc8

সংযোজনী-ক

## বিনিয়োগ ও ব্যবসায় প্রসারে বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের দায়িত্ব

১. বিভাগ, জেলা ও উপজেলার জন্য গঠিত বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটিকে সকল প্রকার সহায়তা প্রদান;

২. বিনিয়োগ ও ব্যবসায় বিষয়ক মাসিক পরিবীক্ষণ প্রতিবেদন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ হতে সরবরাহকৃত ছক অনুযায়ী সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় প্রেরণ;

৩. র‍্যালি ও অন্যান্য অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বিনিয়োগ ও ব্যবসায় প্রসারের লক্ষ্যে প্রতি বছর **১লা সেপ্টেম্বর** বাংলাদেশ বিনিয়োগ কর্তৃপক্ষের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন;

৪. বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বিভিন্ন প্রচারণামূলক ও সচেতনতামূলক প্রিন্ট ও ইলেকট্রনিক ম্যাটেরিয়াল বিতরণ ও প্রচার;

৫. সাংবাদিকদের সাথে নিয়মিত বিনিয়োগ ও ব্যবসায় সংক্রান্ত মতবিনিময় সভার আয়োজন করা;

৬. এসডিজি ও সামগ্রিক উন্নয়নের লক্ষ্য অর্জনে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে ব্যবসায়ী/উদ্যোক্তা, প্রতিষ্ঠান ও বিশেষ ব্যক্তিত্বকে (সেলিব্রিটি) বিনিয়োগ বিষয়ক কার্যক্রমে অন্তর্ভুক্ত করা;

৭. বিভাগীয় কমিশনার কর্তৃক প্রতিটি জেলা, জেলা প্রশাসক কর্তৃক প্রতিটি উপজেলা, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিটি ইউনিয়নে বিনিয়োগ ও ব্যবসায় প্রসার ও উন্নয়নের জন্য আলোচনা সভার আয়োজন ও প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

৮. বিভাগীয় কমিশনারের কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়/উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিনিয়োগকারী ও সেবাদানকারী প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়কের দায়িত্ব পালন;

৯. বিনিয়োগ ও ব্যবসায় সংক্রান্ত কোন সমস্যা, পর্যবেক্ষণ বা পরামর্শ থাকলে তা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/বিডার নিকট উপস্থাপন;

১০. বিভাগ, জেলা ও উপজেলায় স্থানীয় যুব সমাজ, নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা ও বিনিয়োগকারীদের একটি কার্যকর নেটওয়ার্ক গড়ে তোলা;

১২. বিনিয়োগ ও ব্যবসায় প্রসার কার্যক্রমে বাংলাদেশকে উদ্যোগী ভূমিকা গ্রহণকারী দেশে রূপান্তরে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

১৩. বিনিয়োগ ও ব্যবসায়ের ক্ষেত্রে সম্ভাব্য সকল ধরনের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ;

১৪. উচ্চ প্রযুক্তির ভারী শিল্প এবং সাপ্লায়ার্স ও লিংকেজ শিল্প স্থাপনের সম্ভাবনা ও কৌশল সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ;

১৫. বিনিয়োগ ও ব্যবসায় প্রসার ও সহজীকরণের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি সংস্কার এবং প্রয়োজনে নতুন নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি প্রণয়ন/প্রচলনের লক্ষ্যে সুপারিশমালা যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

১৬. অনিবাসী বাংলাদেশীদের (এনআরবি) প্রত্যাবাসিত অর্থ (রেমিটেন্স) দেশে উৎপাদনমুখী বিনিয়োগের লক্ষ্যে তাদেরকে উৎসাহিত করা; এবং

১৭. বিনিয়োগ ও ব্যবসায় প্রসারের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন।

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং- ৮ তারিখঃ ২/৫/১৯

| | |
|---|---|
| অতিঃ সচিব (প্রশাঃ ও উন্নয়ন) | যুগ্ম-সচিব (উন্নয়ন) |
| অতিঃ সচিব (কারিগরি) | যুগ্ম-সচিব (কারিগরি) |
| অতিঃ সচিব (মাদ্রাসা) | যুগ্ম-সচিব (মাদ্রাসা) |
| যুগ্ম-সচিব (প্রশাঃ) | |
| | সচিব (রুটিন দায়িত্ব) |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.১৯৯

তারিখ- ১২ বৈশাখ ১৪২৬ / ২৫ এপ্রিল ২০১৯

বিষয়: **বিনিয়োগ সম্প্রসারণের লক্ষ্যে বিভাগ, জেলা ও উপজেলা প্রশাসনকে সম্পৃক্তকরণ।**

সূত্র: বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের স্মারক নম্বর : ০৩.০৮.২৬৮০.২৭২.২৯.০২১.১৮.৫৭ তারিখ: ১১.০৪.২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। মাননীয় প্রধানমন্ত্রীর দশটি বিশেষ উদ্যোগের অন্যতম উদ্যোগটি হচ্ছে 'বিনিয়োগ বিকাশ'। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের নেতৃত্বে গঠিত উচ্চ পর্যায়ের একটি ফোরামের পূর্ণ সমর্থনে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করা, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে অন্যতম প্রধান সংগঠন হিসেবে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিনিয়োগ প্রসারের এই কর্মযজ্ঞে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের কার্যকর ভূমিকা রাখা আবশ্যক।

০২। এমতাবস্থায়, (ক) দেশের তৃণমূল পর্যায় পর্যন্ত বিনিয়োগ ও ব্যবসায় প্রসার ও বিকাশের লক্ষ্যে সংযোজনী-ক-তে বর্ণিত কার্যাবলির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ; (খ) বিভাগ/জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির কার্যপরিধি অনুযায়ী কমিটিকে সক্রিয়করণ; (গ) জেলা প্রশাসকের কার্যালয়ে বিনিয়োগ সেবা সহায়তা প্রদান সংক্রান্ত ফ্রন্ট ডেস্ক খোলা; (ঘ) বিনিয়োগ ও ব্যবসায় প্রসারের কার্যক্রম তত্ত্বাবধানের লক্ষ্যে একজন ঊর্ধ্বতন কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব প্রদান এবং (ঙ) বিভাগ, জেলা ও উপজেলার ওয়েব পোর্টালে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের লিংক সংযুক্তকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে আট পৃষ্ঠা।

২৫/৪/১৯

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন:৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ:

০১. বিভাগীয় কমিশনার, ... ... ... (সকল);
০২. জেলা প্রশাসক, ... ... ... (সকল); ও
০৩. উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... (সকল)।

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):**

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়;
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ... ... ... (সকল);
০৪. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ; ও
০৫. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.২০০

তারিখ- ১২ বৈশাখ ১৪২৬ / ২৫ এপ্রিল ২০১৯

দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করা, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে বিভাগীয় পর্যায়ে **বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি** নিম্নরূপে গঠন করা হলো:

(ক) কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| ১. | বিভাগীয় কমিশনার | আহ্বায়ক |
| ২. | উপ-মহা পুলিশ পরিদর্শক | সদস্য |
| ৩. | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) | সদস্য |
| ৪. | পরিচালক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | সদস্য |
| ৫. | নিবন্ধক, যৌথ মূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি) | সদস্য |
| ৬. | কর কমিশনার | সদস্য |
| ৭. | প্রধান প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ৮. | পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ৯. | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ১০. | উপ-পরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, বিভাগীয় কার্যালয় | সদস্য |
| ১১. | নিয়ন্ত্রক/যুগ্ম নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক দপ্তর | সদস্য |
| ১২. | উপ-পরিচালক, বিভাগীয় তথ্য অফিস | সদস্য |
| ১৩. | উপ-মহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (বিভাগের সংশ্লিষ্ট জেলা হতে) | সদস্য |
| ১৪. | জেলা রেজিস্ট্রার (বিভাগের সংশ্লিষ্ট জেলা হতে) | সদস্য |
| ১৫. | সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়রের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৬. | বাংলাদেশ ব্যাংকের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৭. | স্নাতক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/উপযুক্ত প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৮. | সভাপতি, বিভাগীয় চেম্বার অব কমার্স | সদস্য |
| ১৯. | প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২০. | উইমেন চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট/সাধারণ সম্পাদক | সদস্য |
| ২১. | তরুণ উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২. | নারী উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৩. | বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৪. | বিভাগে সরকারি/বেসরকারি কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৫. | বিভাগের উল্লেখযোগ্য ব্যবসায়িক এসোসিয়েশনসমূহের সভাপতি বা সাধারণ সম্পাদক (পরিচালক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৬. | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের বিভাগীয় কার্যালয়ের উপ-পরিচালক | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি:

(ক) বিনিয়োগ ও ব্যবসায় সহজীকরণ ও প্রসারের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি সংস্কার এবং প্রয়োজনে নতুন নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি প্রচলনের লক্ষ্যে সুপারিশমালা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ;

(খ) বিশিষ্ট উদ্যোক্তা/ব্যবসায়ী, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের সদস্য, শিক্ষকমন্ডলী, গবেষক, সরকারের বিনিয়োগ উন্নয়ন সংস্থা ও বিনিয়োগ সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহের কর্মকর্তাদের নিয়ে বিভাগে বিনিয়োগের জন্য সম্ভাবনাময় এলাকা ও খাত চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ;

(গ) বিনিয়োগের সুযোগ-সুবিধা ও প্রণোদনাসমূহ প্রচারের মাধ্যমে নতুন উদ্যোক্তাদেরকে বিনিয়োগে উৎসাহিতকরণের কার্যক্রম গ্রহণ;

(ঘ) বিনিয়োগ আবহ ও উদ্যোক্তা সৃষ্টির কৌশল নির্ধারণ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(ঙ) নতুন উদ্যোক্তাদের জন্য ভেঞ্চার ক্যাপিটাল (Venture Capital) সংগ্রহের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের দায়িত্ব পালন;

(চ) নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম সম্ভাবনাময় উদ্যোক্তাদের সাথে এঞ্জেল ইনভেস্টরদের যোগাযোগ স্থাপন;

(ছ) জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির নিকট হতে প্রাপ্ত বিষয়াদি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ;

(জ) বিনিয়োগ ও ব্যবসায়ের ক্ষেত্রে মধ্যস্বত্বভোগীদের অনাকাঙ্ক্ষিত প্রভাব/হস্তক্ষেপ বন্ধ করা;

(ঝ) বিনিয়োগ সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সেবাদানকারী সরকারি সংস্থাসমূহের সাথে নিয়মিত সভার আয়োজন এবং প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(ঞ) উচ্চ প্রযুক্তির ভারী শিল্প এবং সাপ্লায়ার্স ও লিংকেজ শিল্প স্থাপনের সম্ভাবনা ও কৌশল সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ;

(ট) অনিবাসী বাংলাদেশীদের (এনআরবি) প্রত্যাবাসিত অর্থ (রেমিটেন্স) দেশে উৎপাদনমুখী বিনিয়োগের লক্ষ্যে তাঁদেরকে উৎসাহিত করা;

(ঠ) বিনিয়োগ ও ব্যবসায় প্রসারের লক্ষ্যে সরকার কর্তৃক অর্পিত দায়িত্ব;

(ড) কমিটি প্রতি তিন মাসে ১ (এক) বার এবং প্রয়োজনে একাধিকবার সভায় মিলিত হবে। বছরের শুরুতে সভা অনুষ্ঠানের বাৎসরিক ক্যালেন্ডার তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণপূর্বক বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে অবহিতকরণ; এবং

(ঢ) কমিটি প্রয়োজনে যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

<u>বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়;
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ... ... ... (সকল);
০৪. বিভাগীয় কমিশনার, ... ... ... (সকল);
০৫. জেলা প্রশাসক, ... ... ... (সকল);
০৬. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৭. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ; ও
০৮. উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.২০১

তারিখ- ১২ বৈশাখ ১৪২৬ / ২৫ এপ্রিল ২০১৯

দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করা, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে জেলা পর্যায়ে **জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি** নিম্নরূপে গঠন করা হলো:

(ক) কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | আহ্বায়ক |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক ও উন্নয়ন) | সদস্য |
| ৪. | উপ কর কমিশনার | সদস্য |
| ৫. | নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৬. | উপ-পরিচালক, পরিবেশ অধিদপ্তর, জেলা কার্যালয় | সদস্য |
| ৭. | উপ-পরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৮. | উপ-পরিচালক, জেলা প্রাণিসম্পদ অধিদপ্তর | সদস্য |
| ৯. | উপ-পরিচালক, জেলা মৎস্য অফিস | সদস্য |
| ১০. | জেলা রেজিস্ট্রার | সদস্য |
| ১১. | জেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ১২. | সহকারি পরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | সদস্য |
| ১৩. | উপ-মহা পরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য |
| ১৪. | যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (আরজেএসসি)-এর কর্মকর্তা (যদি থাকে) | সদস্য |
| ১৫. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৬. | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক দপ্তরের প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ১৭. | পৌরসভার মেয়রের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ১৮. | ব্যাংকিং/আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি | সদস্য |
| ১৯. | স্নাতক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান/উপযুক্ত প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২০. | জেলার চেম্বার প্রেসিডেন্ট | সদস্য |
| ২১. | প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২. | জেলার উইমেন চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট | সদস্য |
| ২৩. | তরুণ উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৪. | নারী উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৫. | বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৬. | জেলায় অবস্থিত সরকারি/বেসরকারি কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধি (যদি থাকে) | সদস্য |
| ২৭. | জেলার উল্লেখযোগ্য ব্যবসায়িক এসোসিয়েশনসমূহের সভাপতি বা সাধারণ সম্পাদক (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৮. | জেলা প্রশাসকের কার্যালয়ের ব্যবসা ও বিনিয়োগ শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি:

(ক) বিনিয়োগ ও ব্যবসায় সহজীকরণ ও প্রসারের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি সংস্কার এবং প্রয়োজনে নতুন নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি প্রচলনের লক্ষ্যে সুপারিশমালা বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির নিকট উপস্থাপন;

(খ) বিশিষ্ট উদ্যোক্তা/ব্যবসায়ী, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের সদস্য, শিক্ষকমন্ডলী, গবেষক, সরকারের বিনিয়োগ উন্নয়ন সংস্থা ও বিনিয়োগ সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহের কর্মকর্তাদের নিয়ে জেলায় বিনিয়োগের জন্য সম্ভাবনাময় এলাকা ও খাত চিহ্নিত করে পরিকল্পনা প্রণয়নপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বিভাগীয় বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির নিকট প্রস্তাব আকারে প্রেরণ;

(গ) বিনিয়োগের সুযোগ-সুবিধা ও প্রণোদনাসমূহ প্রচারের মাধ্যমে নতুন উদ্যোক্তাদেরকে বিনিয়োগে উৎসাহিতকরণের কার্যক্রম গ্রহণ;

(ঘ) বিনিয়োগ আবহ ও উদ্যোক্তা সৃষ্টির কৌশল নির্ধারণ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(ঙ) নতুন উদ্যোক্তাদের জন্য ভেঞ্চার ক্যাপিটাল (Venture Capital) সংগ্রহের লক্ষ্যে ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের দায়িত্ব পালন;

(চ) নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম সম্ভাবনাময় উদ্যোক্তাদের সাথে এঞ্জেল ইনভেস্টরদের যোগাযোগ স্থাপন;

(ছ) উপজেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির নিকট হতে প্রাপ্ত বিষয়াদি সম্পর্কে ব্যবস্থা গ্রহণ;

(জ) বিনিয়োগ ও ব্যবসায়ের ক্ষেত্রে মধ্যস্বত্বভোগীদের অনাকাঙ্ক্ষিত প্রভাব/হস্তক্ষেপ বন্ধ করা;

(ঝ) বিনিয়োগ সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সেবাদানকারী সরকারি সংস্থাসমূহের সাথে নিয়মিত সভার আয়োজন এবং প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(ঞ) উচ্চ প্রযুক্তির ভারী শিল্প এবং সাপ্লায়ার্স ও লিংকেজ শিল্প স্থাপনের সম্ভাবনা ও কৌশল সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ;

(ট) উদ্যোক্তা বিশেষ করে নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিপণনের জন্য সুবিধা সৃষ্টি;

(ঠ) ঋণ প্রাপ্তির ক্ষেত্রে কোন উদ্যোক্তা বিশেষ করে নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা হয়রানির শিকার হলে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ড) নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি সহজীকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণকল্পে প্রতি মাসে কতজন নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা ঋণ পেলেন এবং যারা পেলেন না তাদের ঋণ না পাওয়ার কারণ অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঢ) অনিবাসী বাংলাদেশীদের (এনআরবি) প্রত্যাবাসিত অর্থ (রেমিটেন্স) দেশে উৎপাদনমুখী বিনিয়োগের লক্ষ্যে তাঁদেরকে উৎসাহিত করা;

(ণ) বিনিয়োগ ও ব্যবসায় প্রসারের লক্ষ্যে সরকার কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্ব;

(ত) কমিটি প্রতি তিন মাসে ১ (এক) বার এবং প্রয়োজনে একাধিকবার সভায় মিলিত হবে। বছরের শুরুতে সভা অনুষ্ঠানের বাৎসরিক ক্যালেন্ডার তৈরি করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রেরণপূর্বক বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে অবহিতকরণ;

(থ) কমিটি প্রয়োজনে যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।

২৫।৪।১৯

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

<u>বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়;
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ... ... ... (সকল);
০৪. বিভাগীয় কমিশনার, ... ... ... (সকল);
০৫. জেলা প্রশাসক, ... ... ... (সকল);
০৬. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৭. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ; ও
০৮. উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০২.১৫.২০২

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬ / ২৫ এপ্রিল ২০১৯

দেশে বেসরকারি খাতে স্থানীয় ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করা, বিনিয়োগে সহায়তা প্রদান এবং বিনিয়োগ পরিবেশ উন্নয়নে উপজেলা পর্যায়ে **উপজেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটি** নিম্নরূপে গঠন করা হলো:

(ক) কমিটির গঠন:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | আহ্বায়ক |
| ২. | থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য |
| ৩. | সাব-রেজিস্ট্রার | সদস্য |
| ৪. | আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৫. | উপজেলা প্রকৌশলী | সদস্য |
| ৬. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপজেলা তথ্য কর্মকর্তা | সদস্য |
| ৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা চেয়ারম্যান/পৌরসভার মেয়রের প্রতিনিধি | সদস্য |
| ১১. | ব্যাংকিং/আর্থিক প্রতিষ্ঠানের উপযুক্ত প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১২. | স্নাতক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৩. | উপজেলার ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৪. | প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৫. | উপজেলার উইমেন চেম্বার অব কমার্সের প্রেসিডেন্ট | সদস্য |
| ১৬. | তরুণ উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৭. | নারী উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৮. | বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা/ব্যবসায়ী (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১৯. | উপজেলায় অবস্থিত সরকারি/বেসরকারি কারিগরি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রধান (যদি থাকে) | সদস্য |
| ২০. | উপজেলার উল্লেখযোগ্য ব্যবসায়িক এসোসিয়েশানসমূহের সভাপতি বা সাধারণ সম্পাদক (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২১. | একজন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২২. | সহকারী কমিশনার (ভূমি)/সহকারী কমিশনার (ভূমি)-এর পদ শূন্য থাকলে আহ্বায়ক কর্তৃক মনোনীত উপজেলা পর্যায়ের যে কোনো কর্মকর্তা | সদস্য-সচিব |

(খ) কমিটির কার্যপরিধি:

(ক) বিনিয়োগ ও ব্যবসায় সহজীকরণ ও প্রসারের লক্ষ্যে বিদ্যমান নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি সংস্কার এবং প্রয়োজনে নতুন নীতিমালা, আইন, বিধি ও পদ্ধতি প্রচলনের লক্ষ্যে সুপারিশমালা জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির নিকট উপস্থাপন;

(খ) বিশিষ্ট উদ্যোক্তা/ব্যবসায়ী, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের সদস্য, শিক্ষকমন্ডলী, গবেষক, সরকারের বিনিয়োগ উন্নয়ন সংস্থা ও বিনিয়োগ সংশ্লিষ্ট সরকারি দপ্তরসমূহের কর্মকর্তাদের নিয়ে উপজেলায় বিনিয়োগের জন্য সম্ভাবনাময় এলাকা ও খাত চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির নিকট প্রস্তাব আকারে প্রেরণ;

(গ) বিনিয়োগের সুযোগ-সুবিধা ও প্রণোদনাসমূহ প্রচারের মাধ্যমে নতুন উদ্যোক্তাদেরকে বিনিয়োগে উৎসাহিতকরণের কার্যক্রম গ্রহণ;

(ঘ) বিনিয়োগ আবহ ও উদ্যোক্তা সৃষ্টির কৌশল নির্ধারণ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(ঙ) নতুন উদ্যোক্তাদের জন্য ভেঞ্চার ক্যাপিটাল (Venture Capital) সংগ্রহের লক্ষ্যে ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলের সাথে সমন্বয়ের দায়িত্ব পালন;

(চ) নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম সম্ভাবনাময় উদ্যোক্তাদের সাথে এঞ্জেল ইনভেস্টরদের যোগাযোগ স্থাপন;

(ছ) বিনিয়োগ ও ব্যবসায়ের ক্ষেত্রে মধ্যস্বত্বভোগীদের অনাকাঙ্ক্ষিত প্রভাব/হস্তক্ষেপ বন্ধ করা;

(জ) বিনিয়োগ সহজীকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সেবাদানকারী সরকারি সংস্থাসমূহের সাথে নিয়মিত সভার আয়োজন এবং প্রাপ্ত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন;

(ঝ) উচ্চ প্রযুক্তির ভারী শিল্প এবং সাপ্লায়ার্স ও লিংকেজ শিল্প স্থাপনের সম্ভাবনা ও কৌশল সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রস্তাব প্রেরণ;

(ঞ) উদ্যোক্তা বিশেষ করে নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য বিপণনের জন্য সুবিধা সৃষ্টি;

(ট) ঋণ প্রাপ্তির ক্ষেত্রে কোন উদ্যোক্তা বিশেষ করে নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা হয়রানির শিকার হলে তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঠ) নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তি সহজীকরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণকল্পে প্রতি মাসে কতজন নারী, তরুণ ও বিশেষভাবে সক্ষম উদ্যোক্তা ঋণ পেলেন এবং যারা পেলেন না তাদের ঋণ না পাওয়ার কারণ অনুসন্ধানপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ড) অনিবাসী বাংলাদেশীদের (এনআরবি) প্রত্যাবাসিত অর্থ (রেমিটেন্স) দেশে উৎপাদনমুখী বিনিয়োগের লক্ষ্যে তাঁদেরকে উৎসাহিত করা;

(ঢ) বিনিয়োগ ও ব্যবসায় প্রসারের লক্ষ্যে সরকার কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্ব;

(ণ) কমিটি প্রতি তিন মাসে ১ (এক) বার এবং প্রয়োজনে একাধিকবার সভায় মিলিত হবে। বছরের শুরুতে সভা অনুষ্ঠানের বাৎসরিক ক্যালেন্ডার তৈরি করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রেরণপূর্বক বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষকে অবহিতকরণ;

(ত) কমিটি প্রয়োজনে যে কোনো ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।

২/৪/১৯

(মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী)
উপসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫৭৫৪৪৭
ই-মেইল: dfal_sec@cabinet.gov.bd

<u>বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):</u>

০১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়;
০২. মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়;
০৩. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব, ... ... ... (সকল);
০৪. বিভাগীয় কমিশনার, ... ... ... (সকল);
০৫. জেলা প্রশাসক, ... ... ... (সকল);
০৬. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ;
০৭. নির্বাহী চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ; ও
০৮. উপজেলা নির্বাহী অফিসার, ... ... ... (সকল)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.১৮.০১০.১৬ (ন-১০, পার্ট-১)/ ২২১ (১৩), তারিখঃ ২০ /০৫/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশিত হয়ে অনুলিপি দেয়া হলোঃ

১ পরিচালক (পি.আই.ডব্লিউ/প্রশাসন/ভোকেশনাল/পি.আই.ইউ/পরিঃ ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২ অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
৩ অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
৪ আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
৫ অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
৬ অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
৭ অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
৮ ইকুইপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর, নারায়নগঞ্জ।
৯ সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০) কারিগরি শিক্ষা অধিদপ্তর।
১০ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (**পত্রটি ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো**)
১১ মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২ প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩ সংরক্ষণ নথি।

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা **গ্রহনের** জন্য অনুরোধ করা **হলো**।

২০/৫/১৯

(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক-০১
ফোন-০২-৮১৮১২২৯

D:\M.A.Momen, Steno Ty. Cum Com. Ope\Andorsment_Office order.docx